শেখ হাসিনার দর্শন
বাংলাদেশের উন্নয়ন।

# উপজেলা পরিষদ পীরগঞ্জ, ঠাকুরগাঁও'র আগষ্ট ২০২৩ খ্রিঃ মাসের মাসিক সভার কার্যবিবরণী ঃ

**সভাপতি** ঃ মোঃ আখতারুল ইসলাম
চেয়ারম্যান, উপজেলা পরিষদ
পীরগঞ্জ, ঠাকুরগাঁও।

**তারিখ** ঃ ১৭-৮-২০২৩ খ্রিঃ

**সময়** ঃ সকাল ১১:০০ টা।

**স্থান** ঃ উপজেলা পরিষদ সভাকক্ষ।

**পরিশিষ্ট - 'ক'- সভায় উপস্থিত সদস্য বৃন্দ, পরিশিষ্ট - 'খ'- সভায় অনুপস্থিত সদস্য বৃন্দ**

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অত:পর সভাপতি সভার কার্যক্রম পরিচালনার জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ জানান। উপজেলা নির্বাহী অফিসার সভার শুরুতে বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনান। কার্যবিবরণীতে কোনরূপ সংশোধন বা বিয়োজন না থাকায় তা সর্বসম্মতিক্রমে অনুমোদিত ও গৃহীত হয়। অতঃপর বিভিন্ন বিভাগের উন্নয়নমূলক কার্যক্রম বিষয়ে বিস্তারিত আলোচনা হয় এবং নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহিত হয় :

| ক্রঃ নং | বিভাগের নাম | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত/বাস্তবায়নকারী কর্তৃপক্ষ | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|
| ০১ | **উপজেলা প্রকৌশল বিভাগ** | উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, আগষ্ট মাসের শেষ সপ্তাহে মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক দেশব্যাপী ৪,০০০ টি প্রাথমিক বিদ্যালয়ের নতুন ভবন (তন্মধ্যে পীরগঞ্জ উপজেলার ০৭ টি বিদ্যালয়) উদ্বোদন করা হবে। এ বিষয়ে প্রয়োজনীয় সহযোগিতার জন্য সংশ্লিষ্ট সকলের দৃষ্টি আর্কষণ করেন। ঠাকুরগাঁও পল্লী বিদ্যুৎ সমিতির সহযোগিতায় উপজেলা পরিষদস্থ বিভিন্ন অফিস ভবন এবং আবাসিক ভবনসমূহের বৈদ্যুতিক মিটার পরীক্ষা করা হয় এবং মিটারবিহীন ভবন/অফিসের তালিকা প্রস্তুত করা হয়। উপজেলা পরিষদের ব্যয় সংকোচনের নিমিত্তে প্রতিটি দপ্তর/অফিসে এবং আবাসিক ভবনসূহে আলাদা আলাদা বৈদ্যুতিক মিটার স্থাপন করা যেতে পারে। উপজেলা পরিষদের সভা কক্ষ ও অডিটোরিয়ামে ব্যানার লাগানোর জন্য বোর্ড, নোটিশ বোর্ড, ডিসপ্লে বোর্ড, পোডিয়াম ডায়াস ও উপজেলা নির্বাহী অফিসারের কক্ষে ০১ টি বুক সেলফ তৈরী করা প্রয়োজন। উপজেলা পরিষদস্থ বিভিন্ন আবাসিক/অনাবাসিক ভবনে আগাছাসহ পরিস্কারকরণ এবং উপজেলা পরিষদের সম্প্রসারিত কমপ্লেক্স ভবনের সম্মুখে ফ্ল্যাগ স্ট্যান্ড স্থাপন করা হয়েছে। রাজস্ব উদ্বৃত্ত অর্থ হতে ২০২৩-২০২৪ খ্রিঃ অর্থ বছরের বিভিন্ন প্রকল্প বাস্তবায়ন করা যেতে পারে। এ লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকলের দৃষ্টি আর্কষণ করেন। এছাড়াও দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | ১) মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক পীরগঞ্জ উপজেলার ০৭ টি বিদ্যালয় উদ্বোদন অনুষ্ঠানের প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করতে হবে।<br>২) উপজেলা পরিষদস্থ মিটারবিহীন বিভিন্ন অফিস ভবন এবং আবাসিক ভবনসমূহে আলাদা আলাদা বৈদ্যুতিক মিটার স্থাপন নিশ্চিত করতে হবে।<br>৩) উপজেলা পরিষদস্থ বিভিন্ন আবাসিক/ অনাবাসিক ভবনে আগাছাসহ পরিস্কারকরণ ও ফ্ল্যাগ স্ট্যান্ড স্থাপন বাবদ নিমিত্তে ব্যয় রাজস্ব তহবিল হতে নির্বাহ করা হবে।<br>৪) রাজস্ব উদ্বৃত্ত অর্থ হতে ২০২৩-২০২৪ খ্রিঃ অর্থ বছরের বিভিন্ন প্রকল্প বাস্তবায়নের প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করতে হবে। | **১) উপজেলা পরিষদ,**<br>**২) উপজেলা প্রকৌশলী, পীরগঞ্জ।** |

<table>
<tr><td>০২</td><td>উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ বিভাগ</td><td>উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা সভায় জানান যে, জরুরী বিভাগে সেবা প্রাপ্ত মোট রোগীর সংখ্যা ১,৩৭৮ জন, বহিঃ বিভাগে সেবা প্রাপ্ত মোট রোগীর সংখ্যা ৫,৭৬৫ জন, অন্তঃ বিভাগে সেবা প্রাপ্ত মোট রোগীর সংখ্যা ১,৪০৮ জন, নরমাল ডেলিভারীর সংখ্যা ৫৪ টি, এ.এন.সি. সেবা প্রদান করা হয়েছে ৪১২ জনকে, পি.এন.সি. সেবা প্রদান করা হয়েছে ১০৬ জনকে। ডায়রিয়া বা অজ্ঞাত রোগের প্রাদুর্ভাব নাই। তিনি আরও জানান, উপজেলায় ১০ টি ইউনিয়নে মোট ২৭ টি কমিউনিটি ক্লিনিক চালু রয়েছে। কমিউনিটি ক্লিনিকসমূহে যথেষ্ট পরিমাণে ঔষধ সরবরাহ রয়েছে। মাঠ পর্যায়ে EPI কাজের অর্জন ১০০%। এ পর্যন্ত মোট ১৩ জন ডেঙ্গু রোগী চিকিৎসা গ্রহণ করেছেন। এছাড়াও অফিসের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে বলে সভায় জানানো হয়।</td><td>উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের পক্ষ থেকে ডেঙ্গুর ভয়াবহতা সম্পর্কে ব্যাপক প্রচারের মাধ্যমে জনসচেতনতা বাড়ানোর উদ্যোগ গ্রহণ করতে হবে এবং হাসপাতাল চত্তর দালালমুক্ত রাখার প্রয়োজনীয় কার্যকর পদক্ষেপ গ্রহণ করতে হবে।</td><td>১) সহকারী কমিশনার (ভূমি)<br>২) উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা, পীরগঞ্জ।</td></tr>
<tr><td>০৩</td><td>উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগ</td><td>উপজেলা পঃ পঃ কর্মকর্তা'র প্রতিনিধি সভায় জানান যে, তাঁর দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তাঁর দপ্তরের কার্যক্রমের অগ্রগতির প্রতিবেদন নিম্নরূপঃ<br>(১) সক্ষম দম্পতি- ৫০,৫৮২ জন, (২) মোট গ্রহণকারী- ৪০,০৭২ জন, (৩) খাবার বড়ি - ২২,৫৭৯ জন (৪) কনডম- ২,০০১ জন (৫) ইনজেকটেবল (ভায়াল)- ৮১৫৭ (৬) আইইউডি- ১৮ (৭) ইমপ্ল্যানন- ৬৭ (৮) স্থায়ী পদ্ধতি (পুরুষ)- ০৩ জন (৯) স্থায়ী পদ্ধতি (মহিলা)- ০২ জন (১০) মোট ব্যবহারকারী- ৩৬,৭০৫ জন (১১) পদ্ধতি গ্রহণকারীর হার- ৭৯.২২% (১৪) মোট জনসংখ্যা- ২,৪৩,৫৩৫ জন (আদমশুমারী অনুযায়ী)।</td><td>১) শিশু জন্মের ৪৫ দিনের মধ্যে অবশ্যই জন্ম নিবন্ধন করার বিষয়ে জনসচেতনতা বাড়াতে হবে এবং প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে।<br>২) ০৩ নং খনগাঁও ইউনিয়নের স্বাস্থ্য কমপ্লেক্সে প্রয়োজনীয় উচ্ছেদ অভিযানের উদ্যোগ গ্রহণ করতে হবে।</td><td>১) সহকারী কমিশনার (ভূমি)<br>২) উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা,<br>৩) ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান, (সকল) পীরগঞ্জ।</td></tr>
<tr><td>০৪</td><td>উপজেলা কৃষি বিভাগ</td><td>উপজেলা কৃষি কর্মকর্তা'র প্রতিনিধি সভায় নিম্নরূপ তথ্য উপস্থাপন করেন :
<table>
<tr><th>ক্রঃ নং</th><th>ফসলের নাম</th><th>লক্ষ্যমাত্রা হেঃ</th><th>অর্জিত হেঃ</th><th>মন্তব্য</th></tr>
<tr><td>১</td><td>গ্রীস্মকালীন পেঁয়াজ</td><td>৪৩</td><td></td><td>বীজতলা চলমান রয়েছে</td></tr>
<tr><td>২</td><td>আমন ধান রোপন</td><td>২৫১৭৫</td><td>২৪১৭০</td><td>রোপন চলমান রয়েছে</td></tr>
</table>
পীরগঞ্জ উপজেলায় আবাদ যোগ্য পতিত জমি ২১.১৬ হেঃ। ইতি মধ্যে ১৭.৫০ হেঃ জমি বিভিন্ন ধরনে শাকসবজি, ফলমুল ইত্যাদি ফসল আবাদের আওতায় আনা হয়েছে । অবশিষ্ট ৩.৬৬ হেঃ জমি আনাবাদী জমি চাষের আওতায় আনার লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য বিভিন্ন প্রতিষ্ঠানসহ স্থানীয় জনপ্রতিনিধির দৃষ্টি আকর্ষন করা হয় । কৃষি ও সেচ কমিটির সভায় এডিপি এর আওতায় বাস্তবনের নিমিত্তে মুজিব শতবর্ষ উপলক্ষ্যে মাননীয় প্রধানমন্ত্রীর উপহার আশ্রয়ণ/ আবাসন/গুচ্ছ গ্রাম প্রকল্পের উপকারভোগী জনগোষ্ঠির জীবন মান ও আর্থ সামাজিক উন্নয়নের লক্ষ্যে পারিবারিক পুষ্টি বাগান স্থাপন ও মৌসুম ব্যাপি বিভিন্ন ধরণের ফল ও সবজি প্রদর্শনী স্থাপন ও প্রশিক্ষণের নিমিত্তে বার্ষিক (এডিপি) হতে কৃষি খাতে বরাদ্দকৃত অংশ হতে ২ টি উপপ্রকল্প গ্রহণ করা হয়েছে (কপি সংযুক্ত)। এ বিষয়ে কার্যকরী পদক্ষেপ গ্রহণের জন্য উপজেলা পরিষদের দৃষ্টি আকর্ষণ করা হয়েছে ।</td><td>এডিপি হতে কৃষি ও সেচ কমিটির দাখিলকৃত প্রকল্প দ্রুত প্রকল্পসমূহ বাস্তবায়নের প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করতে হবে।</td><td>১) উপজেলা কৃষি কর্মকর্তা,<br>২) উপজেলা প্রকৌশলী, পীরগঞ্জ।</td></tr>
</table>

| | | | | |
|---|---|---|---|---|
| | | উল্লেখ্য যে, সার ব্যবস্থা সঠিকভাবে পরিচালনা ও মনিটরিং এর লক্ষ্যে উপজেলার সকল কৃষকের মাটির স্বাস্থ্য সুরক্ষা কার্ড প্রদান করা হয় । প্রথমিক পর্যায়ে ২০,০০০ টি কার্ড ইউনিয়ন পর্যায়ে সংশ্লিষ্ট উপসহকারী কৃষি আফিসার এর মাধ্যমে বিতরণ করা হচ্ছে। ইতি মধ্যে প্রতি ইউনিয়নে গড়ে ৮৫০ টি করে কার্ড উপসহকারী কৃষি অফিসারগণ কৃষকের মাঝে বিতরণ করেছেন। এছাড়াও বিভাগীয় অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে চলমান রয়েছে। | | |
| ০৫ | উপজেলা প্রাণিসম্পদ বিভাগ | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা সভায় জানান যে, বিভাগীয় সকল কার্যক্রম- চিকিৎসা, টিকা প্রদান, কৃত্রিম প্রজনন, প্রশিক্ষণ, উঠান বৈঠক ও অন্যান্য সম্প্রসারণ কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে।<br>১। গবাদি পশুর চিকিৎসা = ৩,০৮৬ টি<br>২। হাঁস-মুরগীর চিকিৎসা = ১৫,০৮৩ টি<br>৩। গবাদি পশুর টিকা প্রদান = ২৫,৪৬৪ টি<br>৪। হাঁস-মুরগীর টিকা প্রদান = ৬৫,৮৩৩ টি<br>৫। কৃত্রিম প্রজনন = ১,১১০ টি<br>৬। খামারী প্রশিক্ষণ = ০০ জন<br>৭। উঠান বৈঠক = ০৫ টি<br>৮। ফ্রি ভেটেরিনারি মেডিকেল ক্যাম্প প্রদান = ০২<br>৯। খামার/ফিডমিল/হ্যাচারী পরিদর্শন = ০৫ টি। | গবাদিপশুর লাম্পি, ক্ষুরা রোগসহ অন্যান্য রোগের ভয়াবহতা সম্পর্কে ব্যাপক প্রচারের মাধ্যমে জনসচেতনতা বাড়াতে হবে। | ১) উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা,<br>২) ইউনিয়ন চেয়ারম্যান (সকল) পীরগঞ্জ। |
| ০৬ | উপজেলা মৎস্য বিভাগ | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় জানান যে, আগস্ট/২৩ খ্রিঃ মাসে ২২ (বাইশ) জন মৎস্য চাষিকে আধুনিক মাছ চাষ প্রযুক্তি বিষয়ক ও ০৬ (ছয়) জন মৎস্য চাষিকে রোগ নিয়ন্ত্রণ ও প্রতিরোধে মৎস্য খামার ও পুকুর পরিদর্শনপূর্বক পরামর্শ প্রদান করা হয়। টাংগন নদীর সেনিহারী এলাকায় নতুন মৎস্য অভয়াশ্রম স্থাপনের সম্ভাব্যতা যাচাই (Feasibility Study) নিয়ে আলোচনা করা হয়। পোনা মাছের অবাধ বিচরণ ও মাছের প্রজনন মৌসুম নির্বিঘ্ন রাখার লক্ষ্যে চায়না দুয়ারী জালসহ সকল অবৈধ জাল অপসারণ বিষয়ে আলোচনা হয়। বিভাগীয় অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | টাংগন নদীর সেনিহারী এলাকায় নতুন মৎস্য অভয়াশ্রম স্থাপনের সম্ভাব্যতা যাচাই এর প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ পূর্বক প্রতিবেদন জেলা উন্নয়ন সমন্বয় সভায় উপস্থাপন করতে হবে। | উপজেলা মৎস্য কর্মকর্তা, পীরগঞ্জ। |
| ০৭ | উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগ | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা সভায় জানান যে, ৬ষ্ঠ শ্রেণি হতে দ্বাদশ শ্রেণি পর্যন্ত ছাত্রছাত্রীদের উপবৃত্তি ও বৃত্তিধারী শিক্ষার্থীদের টাকা অনলাইনে একাউন্টে প্রদান করা হচ্ছে। বিষয় ভিত্তিক প্রশিক্ষণ (বাংলা, ইংরেজি, গণিত, বিজ্ঞান ও বাংলাদেশ ও বিশ্বপরিচয়) সকল শিক্ষা প্রতিষ্ঠানের সহকারি শিক্ষকগণকে ০৫ (পাঁচ) দিনের প্রশিক্ষণ সম্পন্ন হয়েছে। "পারফরমেন্স বেজড গ্র্যান্টস ফর সেকেন্ডোরী ইন্সটিটিউশনস (PBGSI)" স্কিমের আওতায় অত্র উপজেলার যে সকল শিক্ষা প্রতিষ্ঠানে অনুদান প্রাপ্তির লক্ষ্যে আবেদন করেছেন তাদের কাগজপত্রাদি যাচাই-বাছাই কার্যক্রম চলমান রয়েছে। এছাড়াও অফিসের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | চলমান কার্যক্রম বাস্তবায়নে মনিটরিং জোরদার করতে হবে। | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, পীরগঞ্জ। |

| | | | | |
|---|---|---|---|---|
| ০৮ | উপজেলা শিক্ষা বিভাগ | উপজেলা শিক্ষা অফিসার'র প্রতিনিধি সভায় জানান যে, আগামী ২১-৮-২৩ খ্রি: তারিখ হতে সকল সরকারি প্রাথমিক বিদ্যালয়ে ২য় শ্রেণি হতে ৫ম শ্রেণির ২য় প্রান্তিক মূল্যায়ণ শুরু হবে। ১ম শ্রেণির ধারাবাহিক মূল্যায়ণ চলমান রয়েছে। কিছু ঝুকিপূর্ণ, পরিত্যাক্ত বিদ্যালয়ের নিলাম প্রয়োজন। কাঁচন ডুমুরিয়া ও নারায়নপুর শেখপাড়া সপ্রাবির ঝুকিপূর্ণ, পরিত্যাক্ত ভবন নিলামের উদ্দেশ্যে প্রাক্কলন প্রস্তুত করার জন্য উপজেলা প্রকৌশলী, এলজিইডিকে অনুরোধ করা হয়। নিচু বিদ্যালয়গুলোর মাঠে মাটি ভরাট এবং কিছু বিদ্যালয়ের ওয়াস ব্লকগুলোর মেরামত প্রয়োজন। বিস্তারিত আলোচনা শেষে যথাযথ ব্যবস্থা গ্রহণ করার জন্য সংশ্লিষ্ট বিভাগকে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য অনুরোধ করা হয়। এছাড়াও বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে পরিচালিত হচ্ছে। | ১) ২য় প্রান্তিক মূল্যায়ণ বিষয়ে মনিটরিং জোরদার করতে হবে।<br>২) কাঁচন ডুমুরিয়া ও নারায়নপুর শেখপাড়া সপ্রাবির ঝুকিপূর্ণ, পরিত্যাক্ত ভবন নিলামের উদ্দেশ্যে প্রাক্কলন প্রস্তুত করার প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করতে হবে।<br>৩) নিচু বিদ্যালয়গুলোর মাঠে মাটি ভরাটসহ কিছু বিদ্যালয়ের ওয়াস ব্লকগুলোর মেরামত প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করতে হবে। | ১) উপজেলা শিক্ষা কর্মকর্তা,<br>২) উপজেলা প্রকৌশলী<br>৩) ইউ.পি. চেয়ারম্যান (সংশ্লিষ্ট), পীরগঞ্জ। |
| ০৯ | উপজেলা সমাজসেবা বিভাগ | উপজেলা সমাজসেবা কর্মকর্তা সভায় জানান যে, বয়স্ক ভাতা, বিধবা ও স্বামী নিগৃহিতা ভাতা, প্রতিবন্ধী ভাতার অনলাইন আবেদন চলমান রয়েছে। ১০ সেপ্টেম্বর ২০২৩ খ্রি: আবেদনের সর্বশেষ তারিখ। মাইকিং এর মাধ্যমে বিষয়টি ব্যাপক প্রচারের জন্য সংশ্লিষ্ট সকলের দৃষ্টি আর্কষণ করেন। এ বিষয়ে ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণসহ সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করেন। এছাড়াও বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে পরিচালিত হচ্ছে। | বয়স্ক ভাতা, বিধবা ও স্বামী নিগৃহিতা ভাতা, প্রতিবন্ধী ভাতার অনলাইন আবেদনের বিষয়ে ব্যাপক প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থার উদ্যোগ গ্রহণ করতে হবে। | ১) উপজেলা সমাজ সেবা কর্মকর্তা,<br>২) ইউ.পি. চেয়ারম্যান (সকল), পীরগঞ্জ। |
| ১০ | পুলিশ বিভাগ | অফিসার-ইন-চার্জ, পীরগঞ্জ থানার প্রতিনিধি সভায় জানান যে, মোট রুজুকৃত মামলা ২৯ টি। এছাড়াও বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে পরিচালিত হচ্ছে। | অপরাধ প্রবণতার ক্রম হ্রাসমান হার অব্যাহত রাখতে হবে এবং জনসচেতনতা বাড়াতে হবে। | অফিসার-ইন-চার্জ, থানা, পীরগঞ্জ । |
| ১১ | উপজেলা খাদ্য বিভাগ | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক'র প্রতিনিধি সভায় নিম্নরূপ তথ্য উপস্থাপন করেন:<br>**পীরগঞ্জ ঃ**<br>চাল আমন ২০২২-২৩: ২৪৫৭.০৯০ মে:টন, চাল বোরো ২০২২: ৭৮.২০৭ মে:টন, চাল বোরো ২০২৩: ২২৫৭.৭৪৩ মে:টন, চাল বোরো ফলিত ২০২৩: ১৯৫.০০০ মে:টন সর্বমোট চাল ৪৯৮৮.০৪০ মে: টন, ধান বোরো ২০২৩: ৪৫২.০০ মে:টন ও সর্বমোট খালি বস্তা ২৭,৬৭৫ খানা।<br>**ভোমরাদহ ঃ**<br>চাল বোরো ২০২২: ৩১৫.৪৫৯ মে:টন, চাল আমন ২০২২-২৩: ২৭৩.৬০০ মে:টন, চাল বোরো ২০২৩: ৭৯৬.২০০ মে:টন সর্বমোট ১৩৮৫.২৫৯ মে:টন, চাল বোরো ২০২৩: ৬৪৭.১৯০ মে:টন ও সর্বমোট খালি বস্তা ৯,৬৮৩ খানা। এছাড়াও বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে পরিচালিত হচ্ছে। | চলমান কার্যক্রম বাস্তবায়নে মনিটরিং আরও জোরদার করতে হবে। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, পীরগঞ্জ। |

| | | | | |
|---|---|---|---|---|
| ১২ | উপজেলা ত্রাণ বিভাগ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় জানান যে, ২০২২-২৩ খ্রি: অর্থ বছরের সকল কার্যক্রম শতভাগ সম্পন্ন হয়েছে। সমাপ্তি প্রতিবেদনের কাজ চলমান রয়েছে। ২০২৩-২৪ খ্রি: অর্থ বছরের ৫৩ মে:টন জি.আর চালের বরাদ্দ পাওয়া গেছে। প্রাকৃতিক দুর্যোগ ও অগ্নিকান্ডে ক্ষতিগ্রস্থ পরিবারের মাঝে জি.আর চাল, কম্বল ও ডেউটিন বিতরণ কার্যক্রম চলমান রয়েছে। এছাড়াও বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে পরিচালিত হচ্ছে। | চলমান কার্যক্রম বাস্তবায়নে মনিটরিং জোরদার করতে হবে। | **উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, পীরগঞ্জ।** |
| ১৩ | উপজেলা মহিলা বিষয়ক বিভাগ | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা'র প্রতিনিধি সভায় নিম্নরূপ তথ্য উপস্থাপন করেন :<br>০১। **ভালনারেবল উইমেন বেনেফিট (ভিডব্লিউবি) কার্যক্রম :** এই কর্মসূচির আওতায় ২০২৩-২০২৪ চক্রের উপকারভোগী মোট ২৫৫৮ জন। জুন/২০২৩ মাসে খাদ্য বিতরণ সম্পন্ন হয়েছে। বরাদ্দ প্রাপ্তী সাপেক্ষে জুলাই/২০২৩ ও আগস্ট/ ২০২৩ মাসের ডিও প্রদান করা হবে।<br>০২। **মা ও শিশু সহায়তা তহবিল : ২০২২-২০২৩ অর্থবছরের জুলাই/২০২২ হতে মে/২০২৩** পর্যন্ত ১০ টি ইউনিয়নে ৮৮০ জন এবং পৌরসভায় ২৯৭ জন মোট ১১৭৭ জন উপকারভোগীর ডাটাএন্ট্রি সম্পন্ন হয়েছে এবং G2p এর মাধ্যমে ভাতা প্রদান কার্যক্রম চলমান। ২০২৩-২০২৪ অর্থবছরে ইউনিয়ন প্রতি মাসে ০৬ জন ও পৌরসভায় ১৩ জন ভাতাভোগী নির্বাচনের নির্দেশনা পাওয়া গেছে।<br>০৩। **মহিলা প্রশিক্ষণ কেন্দ্র (WTC)** : ২০২৩-২০২৪ অর্থ বছরে **জুলাই/২০২৩** হতে **সেপ্টেম্বর/২০২৩** পর্যন্ত ০৩ (তিন) মাস মেয়াদ দর্জিবিজ্ঞান ট্রেডে ৩০ (দশ) জন প্রশিক্ষণার্থীর প্রশিক্ষণ কার্যক্রম চলমান।<br>০৪। **স্বেচ্ছাসেবী মহিলা সমিতি :** ২০২২-২০২৩ অর্থবছরে ০৭ টি স্বেচ্ছাসেবী মহিলা সমিতি ১,৯০,০০০/- (এক লক্ষ নব্বই হাজার টাকা) অনুদানের চেক পাওয়া গেছে। আগামী ০৮ আগস্ট ২০২৩ খ্রি: তারিখে বঙ্গমাতা শেখ ফজিলাতুন নেছা মুজিব এঁর ৯৩ তম জন্মবার্ষিকীতে অনুদানের চেক প্রদান করা হবে ।<br>০৪। **উঠান বৈঠক/আলোচনা সভা :** যৌতুক, বাল্যবিবাহ, মানব পাচার এবং নারী ও শিশু নির্যাতন প্রতিরোধে সভা ও উঠান বৈঠক কার্যক্রম অব্যাহত আছে।<br>০৫। অত্র উপজেলায় ১১ টি কিশোর কিশোরী ক্লাবের কার্যক্রম চলমান । এছাড়াও দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | সকল ভাতা যেন নীতিমালা অনুযায়ী হয়, সে বিষয়ে মনিটরিং জোরদার করতে হবে। | **উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, পীরগঞ্জ।** |
| ১৪ | উপজেলা জনস্বাস্থ্য বিভাগ | উপজেলা জনস্বাস্থ্য বিভাগের উপঃ সহকারী প্রকৌশলী সভায় অনুপস্থিত। | আগামী সভা হতে নিয়মিত উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো। | **সহঃ প্রকৌশলী জনস্বাস্থ্য কর্মকর্তা, পীরগঞ্জ।** |

<table>
<tr><td>১৫</td><td>উপজেলা সমবায় বিভাগ</td><td>উপজেলা সমবায় কর্মকর্তা সভায় জানান যে, অত্র উপজেলা সমবায় বিভাগে আলোচ্য অডিট বর্ষে অডিট যোগ্য সমবায় সমিতির সংখ্যা বর্তমানে ১৩০ টি। ইতিমধ্যে ২০২০-২০২১ সালের বার্ষিক আডিট সম্পন্ন হয়েছে ১৩০ টি। বিগত মাসে ৭৬ টি বর্তমান মাসে ২৭ টি মোট ১০৩ টি সমিতি অডিট সম্পন্ন হয়েছে। এছাড়াও জনগাঁও আশ্রায়ণ প্রকল্প ফেইজ-২ পকল্পে, ৯৬ জন সদস্যের মাঝে ক্রমপুঞ্জিভূত = ১৪,৮৫,০০০/- টাকা বিভিন্ন ট্রেডে ক্ষুদ্র ঋণ বিতরণ করা হয়েছে। আলোচ্য মাসে আদায় আসল ৯২৬/- টাকা এবং সার্ভিস চার্জ ২৪/- টাকা। মোট আসল আদায় ৯,৮৪,১৩৫/- টাকা এবং সাভির্স চার্জ ৭৮,৮১৫/- টাকা। অনাদায়ী টাকা আদায়ের জোড় প্রচেষ্টা চলছে। আদায়ের শতকরা হার ৬৫% ।</td><td>চলমান কার্যক্রম বাস্তবায়নে মনিটরিং জোরদার করতে হবে।</td><td>উপজেলা সমবায় কর্মকর্তা, পীরগঞ্জ।</td></tr>
<tr><td>১৬</td><td>উপজেলা যুব উন্নয়ন বিভাগ</td><td>উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা'র প্রতিনিধি সভায় নিম্নরূপ তথ্য উপস্থাপন করেন :
<table>
<tr><td>চলতি আদায়ের হার</td><td>৯৮%</td></tr>
<tr><td>চলতি অর্থ বছরের আদায়</td><td>৩০৯১২৭০/-</td></tr>
<tr><td>ক্রমপুঞ্জিত আদায়</td><td>১৫৫০৮৯০৭৪/-</td></tr>
<tr><td>চলতি অর্থ বছরে ঋণ বিতরন</td><td>২০৫৮০০০/-</td></tr>
<tr><td>চলতি অর্থ বছরে ঋণির সংখ্যা</td><td>৯৩ জন</td></tr>
<tr><td>ক্রমপুঞ্জিত ঋণ বিতরন</td><td>১৫৯৮৫১৫০০/-</td></tr>
<tr><td>ক্রমপুঞ্জিত ঋণির সংখ্যা</td><td>২৯৪৬৬ জন</td></tr>
<tr><td>চলতি অর্থ বছরে প্রশিক্ষণ প্রাপ্ত</td><td>২১০ জন</td></tr>
<tr><td>ক্রমপুঞ্জিত প্রশিক্ষণ প্রাপ্ত</td><td>৯৪৭৩ জন</td></tr>
<tr><td>চলতি অর্থ বছরে আত্নকর্মি</td><td>৪৮ জন</td></tr>
<tr><td>ক্রমপুঞ্জিত আত্নকর্মি</td><td>৪৭২১ জন</td></tr>
</table>
এছাড়াও অন্যান্য বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে।</td><td>চলমান কার্যক্রম বাস্তবায়নে মনিটরিং জোরদার করতে হবে।</td><td>উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, পীরগঞ্জ।</td></tr>
<tr><td>১৭</td><td>উপজেলা পরিসংখ্যান বিভাগ</td><td>উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা সভায় অনুপস্থিত।</td><td>আগামী সভা হতে নিয়মিত উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।</td><td>উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা, পীরগঞ্জ।</td></tr>
<tr><td>১৮</td><td>উপজেলা পল্লী উন্নয়ন বিভাগ</td><td>উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সভায় নিম্নরূপ তথ্য উপস্থাপন করেন :
<table>
<tr><th>প্রকল্পের নাম</th><th>ক্র:পুঞ্জিভুত মোট বিতরণ</th><th>চলতি মাসে আদায়</th><th>ক্র:পুঞ্জিভুত মোট আদায়</th><th>খেলাপি/ আদায় যোগ্য</th><th>ক্র:পুঞ্জিভুত ঋণ আদায়ের হার</th><th>সদস্য সংখ্যা</th></tr>
<tr><td>পল্লী প্রগতি প্রকল্প</td><td>১৫১.৩৭</td><td>৪০,০০০/-</td><td>১২১.৭৬</td><td>১৩৯.২২</td><td>৮৭%</td><td>৩৬৯</td></tr>
<tr><td>আবর্তক কৃষি</td><td>৬৭.৩৭</td><td>৩৩,০০০/-</td><td>৫৭.৯৩</td><td>৪৪.৩২</td><td>১০০%</td><td>১১০</td></tr>
<tr><td>অসচ্ছল মুক্তিযোদ্ধা</td><td>২২.০৬</td><td>২,০০০/-</td><td>২২.৫০</td><td>১৫.৩৪</td><td>৮৭%</td><td>৭৫</td></tr>
<tr><td>গুচ্ছগ্রাম</td><td>৩.৭৫</td><td>-</td><td>৩.৩০</td><td>৩.৭৫</td><td>৮৮%</td><td>৫০</td></tr>
<tr><td>মোট</td><td>২৪৪.৫৫</td><td>৭৫,০০০/-</td><td>২০৪.৪১</td><td>২০২.৬৩</td><td>৯২%</td><td>৬০০</td></tr>
</table>
এছাড়াও দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।</td><td>চলমান কার্যক্রম বাস্তবায়নে মনিটরিং জোরদার করতে হবে।</td><td>উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, পীরগঞ্জ।</td></tr>
<tr><td>১৯</td><td>উপজেলা বন বিভাগ</td><td>উপজেলা বিট বন কর্মকর্তা সভায় জানান যে, দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।</td><td>গত মাসের মাসিক সভার সিদ্ধান্তসমূহ অতি শীঘ্রই বাস্তবায়নের উদ্যোগ গ্রহণ করতে হবে।</td><td>এসএফপিসি, পীরগঞ্জ।</td></tr>
</table>

| | | | | |
|---|---|---|---|---|
| ২০ | উপজেলা বরেন্দ্র বিভাগ | উপজেলা সহঃ প্রকৌশলী বরেন্দ্র কর্মকর্তা সভায় জানান যে, বর্তমানে আমন মৌসুমে মোট ২৬৫ টি সেচযন্ত্র মাঠে ব্যবহার হচ্ছে। এর মধ্যে গভীর নলকুপ ২১৩ টি, বিদ্যুৎ চালিত এলএলপি ৩৭ টি এবং সোলার এলএলপি ১৫ টি। বিএমডিএ এর সেচের আওতায় প্রায় ৪০২৫ হেক্টর আমন এবং প্রায় ৫২ হেক্টর জমিতে অন্যান্য ফসল রয়েছে। উপকারভোগী কৃষক পরিবার রয়েছে প্রায় ৫,২৭৫ টি। সহকারী প্রকৌশলী, বিএমডিএ সভায় আরও জানান যে, "বৃহত্তর দিনাজপুর ও জয়পুরহাট জেলায় সেচ সম্প্রসারণ প্রকল্পের আওতায় সোনাকুড়ি বিলের পানি নিস্কাশন কার্যক্রম চলমান রয়েছে। ১০ নং জাবরহাট ইউনিয়নের মালঞ্চা বিলের পানি নিষ্কাশনে ভূগর্ভস্থ পাইপ লাইন স্থাপন করা প্রয়োজন। এছাড়াও দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | ১০ নং জাবরহাট ইউনিয়নের মালঞ্চা বিলের পানি নিষ্কাশনে ভূগর্ভস্থ পাইপ লাইন স্থাপনের উদ্যোগ গ্রহণ করতে হবে। | সহঃ প্রকৌশলী বরেন্দ্র কর্মকর্তা, পীরগঞ্জ। |
| ২১ | উপজেলা আনসার ও ভিডিপি বিভাগ | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা সভায় অনুপস্থিত। | আগামী সভা হতে নিয়মিত উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, পীরগঞ্জ। |
| ২২ | উপজেলা নির্বাচন বিভাগ | উপজেলা নির্বাচন কর্মকর্তা সভায় অনুপস্থিত। | আগামী সভা হতে নিয়মিত উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা নির্বাচন কর্মকর্তা, পীরগঞ্জ। |
| ২৩ | পল্লী বিদ্যুৎ সমিতি, পীরগঞ্জ | ডিজিএম, পল্লীবিদ্যুৎ সমিতি সভায় জানান যে, আবাসন প্রকল্প শিরাইলে লাইন নির্মাণ ও সার্ভিস ড্রপ প্রদান সম্পন্ন করা হয়েছে। জামানত জমা সম্পন্ন হলে মিটার লাগানো হবে। অন্যান্য আবাসন প্রকল্পের মধ্যে যেগুলিতে ঘর নির্মাণ সম্পন্ন হয়নি, সেগুলিতে লাইন নির্মাণ সম্পন্ন হয়নি। ঘর নির্মাণ সম্পন্ন হলে লাইন নির্মাণ সম্পন্ন করে মিটার লাগানো সম্ভব হবে। আবাসিক/বাণিজ্যিক সংযোগের আবেদন এখন অফিসে সরাসরি গ্রহণ করা হয় না। আবেদনগুলি অনলাইনের মাধ্যমে জমা করতে হবে। বর্তমানে বিদ্যুৎ এর কিছুটা ঘাটতি থাকায় অল্প সময়ের জন্য লোড শেডিং করে চালাতে হচ্ছে। এছাড়াও দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | অতি শীঘ্রই আবাসন প্রকল্পসমূহে বিদ্যুৎ এর ব্যবস্থা করতে হবে এবং অনলাইনে সংযোগের বিষয়ে ব্যাপক প্রচারে ব্যবস্থা করতে হবে। | ডিজিএম, পল্লী বিদ্যুৎ, পীরগঞ্জ। |
| ২৪ | তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর উপজেলা কার্যালয় | সহঃ প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর সভায় জানান যে, সম্প্রতি ষাট (৬০) জন শিক্ষকের আইসিটি বিষয়ক প্রশিক্ষণ সমাপ্ত হয়েছে।<br>তিনি নিম্নরূপ আরোও তথ্য উপস্থাপন করেন :<br>**ক)** "পাইথন প্রোগ্রামিং" বিষয়ক পনের (১৫) দিনের প্রশিক্ষণ অনুষ্ঠিত হবে। পীরগঞ্জ পাইলট উচ্চ বিদ্যালয়ের নব্বই (৯০) জন শিক্ষার্থী এতে অংশ গ্রহণ করবেন। শিক্ষার্থী বাছাই কার্যক্রম চলমান রয়েছে।<br>**খ)** "হারপাওয়ার ঃ প্রযুক্তির সহায়তায় নারীর ক্ষমতায়ন" প্রকল্পের মাধ্যমে পীরগঞ্জ উপজেলায় মোট ১৮৫ জন নারীকে প্রশিক্ষণ প্রদান করা হবে। মোট নয়টি (০৯) ব্যাচে এই প্রশিক্ষণ অনুষ্ঠিত হবে। প্রতিটি কোর্সের ব্যপ্তি পাঁচ (০৫) মাস এবং এক (০১) মাসের মেন্টরশীপ প্রদান করা হবে। এ লক্ষ্যে পীরগঞ্জ উপজেলায় প্রশিক্ষণার্থী বাছাই কমিটি গঠন করা হয়েছে। IT ServiceProvider এর ৪ ব্যাচে মোট ৮০ জন, Graphics Design এর ২ ব্যাচে ৪০ জন, Web Development এর এক ব্যাচে ২০ জন, Digital Marketing এর এক ব্যাচে ২০ জন, Women e-commerce Professional এর এক ব্যাচে ২৫ জন, এই চার ক্যাটাগরিতে প্রশিক্ষণ প্রদান করা হবে। "Smart Office Management" সফটওয়্যারে প্রশিক্ষণের জন্য ব্যাচ তৈরি করা হয়েছে। আগ্রহী প্রশিক্ষণার্থীগণ http://herpower.gov.bd এ রেজিস্ট্রেশন করবেন। | তথ্য ও যোগাযোগ প্রযুক্তির আওতায় সকল প্রশিক্ষণের বিষয়ে মনিটরিং জোরদার করতে হবে এবং অতি শীঘ্রই সকল অফিসের/দপ্তরের ওয়েব পোর্টাল হালনাগাদকরণের প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করতে হবে। | ১) উপজেলা সহকারী প্রোগ্রামার, ২) কর্মকর্তা (সকল) পীরগঞ্জ। |

| | | | | |
|---|---|---|---|---|
| | | গ) মন্ত্রী পরিষদ বিভাগ ও প্রধানমন্ত্রীর কার্যালয় হতে নির্দেশনা রয়েছে যে, প্রতিটি দপ্তর ও ইউনিয়ন এর ওয়েবপোর্টাল ১০০% হালনাগাদ থাকতে হবে। ওয়েব পোর্টাল এর রিপোর্ট অপশন থেকে সহজেই নিজস্ব পোর্টালের হালনাগাদের অবস্থা জানা যাবে। পীরগঞ্জ থানা ও উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের ওয়েব পোর্টাল জরুরী ভিত্তিতে হালনাগাদের প্রয়োজন রয়েছে। হালনাগাদ সংক্রান্ত যে কোনো সমস্যার সমাধানকল্পে উপজেলা আইসিটি অফিসে যোগাযোগের অনুরোধ করা হয়। | | |
| ২৫ | **উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (ইউজিডিপি), স্থানীয় সরকার বিভাগ** | ইউডিএফ সভায় জানান যে, পীরগঞ্জ উপজেলা পরিষদের সদ্য সমাপ্ত অর্থ বছর ২০২২-২৩ খ্রি:'র বার্ষিক আর্থিক বিবরণী প্রস্তুত পূর্বক স্থানীয় সরকার বিভাগে প্রেরণ করার নির্দেশনা রয়েছে। তাই, 'নির্ধারিত ছকে' বার্ষিক আর্থিক হিসাব বিবরণী ২০২২-২৩ প্রস্তুত করার উদ্যোগ গ্রহণের জন্য অনুরোধ জানান। এছাড়াও এডিপি বাস্তবায়ন প্রতিবেদন ৩১ জুলাই ২০২৩ এর মধ্যে স্থানীয় সরকার বিভাগে প্রেরণের বিষয়ে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণের অনুরোধ জানান। অতি শীঘ্রই সকল দপ্তরের ওয়েব পোর্টালে আলাদা আলাদা সিটিজেন চার্টার হালনাগাদকরণের বিষয়ে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণের অনুরোধ জানান। | অতি শীঘ্রই ২০২২-২৩ খ্রি:'র এডিপি বাস্তবায়ন প্রতিবেদন ও বার্ষিক আর্থিক বিবরণী প্রস্তুত পূর্বক স্থানীয় সরকার বিভাগে প্রেরণ করার বিষয়ে উদ্যোগ গ্রহণ করতে হবে এবং অতি শীঘ্রই প্রতিটি দপ্তরে ওয়েব পোর্টালে সিটিজেন চার্টার হালনাগাদকরণের প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করতে হবে। | **১) উপজেলা পরিষদ, ২) ইউডিএফ, পীরগঞ্জ।** |
| ২৬ | **ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স** | স্টেশন অফিসার, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স সভায় অনুপস্থিত। | আগামী সভা হতে নিয়মিত উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো। | **স্টেশন অফিসার, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, পীরগঞ্জ।** |
| ২৭ | **তথ্যসেবা কেন্দ্র** | তথ্যসেবা কর্মকর্তা সভায় জানান যে, ডোর টু ডোর ৭০০ জন সেবা গ্রহিতাকে সেবা প্রদান করা হয়েছে। তথ্য কেন্দ্রে ১৫ জনকে সেবা প্রদান করা হয়েছে। দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | উঠান বৈঠকের মাধ্যমে মাদকাশক্তি, কুরুচিপূর্ণ কথা/আচরণ, মোবাইল আশক্তি জুয়াসহ অন্যান্য খারাপ দিকগুলি ও নিরাপদ খাদ্য, আইনগত সহায়তাসহ অন্যান্য গুরুত্বপূর্ণ বিষয়ে জনগণের সচেতনতা বাড়াতে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে। | **উপজেলা তথ্যসেবা কর্মকর্তা, পীরগঞ্জ।** |
| ২৮ | **বিবিধ-ক** | চেয়ারম্যান, উপজেলা পরিষদ জানান যে, পীরগঞ্জ উপজেলা দশটি ইউনিয়ন নিয়ে গঠিত একটি বৃহৎ উপজেলা। আয়তন ও জনসংখ্যার বিবেচনায় সেবা প্রদান ও প্রশাসনিক সুবিধার জন্য দশটি ইউনিয়নের মধ্য থেকে ২ নং কোষারাণীগঞ্জ, ৩ নং খনগাঁও ও ৫ নং সৈয়দপুর ইউনিয়ন বিভক্তিকরণের মাধ্যমে নতুন ৪ নং ইউনিয়ন গঠন এবং ১০ নং জাবরহাট ও ১১ নং বৈরচুনা ইউনিয়ন বিভক্তিকরণের মাধ্যমে ১২ নম্বর ইউনিয়ন গঠন করা যেতে পারে। উক্ত বিষয়ে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণের জন্য তিনি উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ জানান। নতুন ইউনিয়ন গঠন বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়।<br>উপজেলা নির্বাহী অফিসার জানান যে, ইউনিয়ন বিভক্তিকরণের মাধ্যমে নতুন দুইটি ইউনিয়ন গঠনের বিষয়ে সংশ্লিষ্ট অংশীজনের সাথে আলোচনা সাপেক্ষে বিধি মোতাবেক পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে। | বিধি মোতাবেক পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহিত হলো। | **১) চেয়ারম্যান, উপজেলা পরিষদ, পীরগঞ্জ। ২) উপজেলা নির্বাহী অফিসার, পীরগঞ্জ।** |
| | **বিবিধ-খ** | উপজেলা পরিষদ চত্ত্বরের পুরাতন অফিস কক্ষসমূহের সঠিক ব্যবহার এবং অফিসরুম বরাদ্দ করা হয়নি। প্রতিষ্ঠানসমূহের স্থান সংস্থানের জন্য উপজেলা প্রকৌশলী, উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা ও উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তার সমন্বয়ে কমিটি গঠনের বিষয়ে সংশ্লিষ্ট সকলে একমত পোষণ করেন। | উক্ত কমিটি আগামী মাসিক সভায় এ বিষয়ে মতামত উপস্থাপন করবেন। | **উপজেলা পরিষদ, পীরগঞ্জ।** |

উপজেলা ভাইস-চেয়ারম্যান জনাব সুকুমার রায় সভায়, সকল কমিটির কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে মর্মে সবাইকে ধন্যবাদ জ্ঞাপন করেন।

উপজেলা মহিলা ভাইস-চেয়ারম্যান জনাব ভারতী রাণী রায় সভায়, সকল দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে মর্মে সবাইকে ধন্যবাদ জ্ঞাপন করেন।

সভাপতি উপজেলা পরিষদ চেয়ারম্যান সভায়, সরকারি কর্মকর্তা-কর্মচারীদের সরকারী বিধি-বিধানের আলোকে জনগণের সেবায় নিয়োজিত থাকার জন্য আহবান জানান ও সকলের সুস্বাস্থ্য কামনা করেন।

আর অন্য কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোঃ আখতারুল ইসলাম)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
পীরগঞ্জ, ঠাকুরগাঁও।

**পীরগঞ্জ উপজেলা পরিষদ**
**পীরগঞ্জ, ঠাকুরগাঁও।**
**https://pirganj.thakurgaon.gov.bd**

নং- ৪৬.৫৫.৯৪৮২.০০৪.০৬.০০১.২৩-৭৯(৫০)

তারিখ: ০২ ভাদ্র ১৪৩০ / ১৭ আগষ্ট ২০২৩

**বিতরণ : সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। মাননীয় জাতীয় সংসদ সদস্য-৫, ঠাকুরগাঁও-৩।
২। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। বিভাগীয় কমিশনার, রংপুর বিভাগ, রংপুর।
৪। পরিচালক, স্থানীয় সরকার, রংপুর বিভাগ, রংপুর।
৫। জেলা প্রশাসক, ঠাকুরগাঁও।
৬। উপ-পরিচালক, স্থানীয় সরকার, জেলা প্রশাসকের কার্যালয়, ঠাকুরগাঁও।
৭। নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, ঠাকুরগাঁও।
৮। উপজেলা........................................................ (সকল) কর্মকর্তা, পীরগঞ্জ, ঠাকুরগাঁও।
৯। চেয়ারম্যান,........................................... (সকল) ইউ.পি. পীরগঞ্জ, ঠাকুরগাঁও।
১০। জনাব,........................................................।

১৭।০৮।২৩

(মোঃ শাহরিয়ার নজির)
উপজেলা নির্বাহী অফিসার
ও
মুখ্য নির্বাহী কর্মকর্তা
পীরগঞ্জ উপজেলা পরিষদ
পীরগঞ্জ, ঠাকুরগাঁও।

শেখ হাসিনার দর্শন
বাংলাদেশের উন্নয়ন।

## পীরগঞ্জ উপজেলা পরিষদ
## পীরগঞ্জ, ঠাকুরগাঁও।
## https://pirganj.thakurgaon.gov.bd
## সভায় উপস্থিত সদস্য বৃন্দঃ পরিশিষ্ট - 'ক'

| ক্রমিক নং | কর্মকর্তা | স্বাক্ষর |
|---|---|---|
| ১ | ২ | ৩ |
| ১ | ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, পীরগঞ্জ | স্বাক্ষরিত |
| ২ | মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, পীরগঞ্জ | স্বাক্ষরিত |
| ৩ | চেয়ারম্যান, ১ নং ভোমরাদহ ইউনিয়ন পরিষদ, পীরগঞ্জ | স্বাক্ষরিত |
| ৪ | চেয়ারম্যান, ২ নং কোষারাণীগঞ্জ ইউনিয়ন পরিষদ, পীরগঞ্জ | স্বাক্ষরিত |
| ৫ | চেয়ারম্যান, ৩ নং খনগাঁও ইউনিয়ন পরিষদ, পীরগঞ্জ | স্বাক্ষরিত |
| ৬ | চেয়ারম্যান, ৫ নং সৈয়দপুর ইউনিয়ন পরিষদ, পীরগঞ্জ | স্বাক্ষরিত |
| ৭ | চেয়ারম্যান, ৬ নং পীরগঞ্জ ইউনিয়ন পরিষদ, পীরগঞ্জ | স্বাক্ষরিত |
| ৮ | চেয়ারম্যান, ৭ নং হাজীপর ইউনিয়ন পরিষদ, পীরগঞ্জ | স্বাক্ষরিত |
| ৯ | চেয়ারম্যান, ৮ নং দৌলতপুর ইউনিয়ন পরিষদ, পীরগঞ্জ | স্বাক্ষরিত |
| ১০ | চেয়ারম্যান, ৯ নং সেনগাঁও ইউনিয়ন পরিষদ, পীরগঞ্জ | স্বাক্ষরিত |
| ১১ | চেয়ারম্যান, ১০ নং জাবরহাট ইউনিয়ন পরিষদ, পীরগঞ্জ | স্বাক্ষরিত |
| ১২ | চেয়ারম্যান, ১১ নং বৈরচুনা ইউনিয়ন পরিষদ, পীরগঞ্জ | স্বাক্ষরিত |
| ১৩ | উপজেলা প্রকৌশলী | স্বাক্ষরিত |
| ১৪ | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা | স্বাক্ষরিত |
| ১৫ | উপজেলা পঃ পঃ কর্মকর্তা'র প্রতিনিধি | স্বাক্ষরিত |
| ১৬ | উপজেলা কৃষি কর্মকর্তা'র প্রতিনিধি | স্বাক্ষরিত |
| ১৭ | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা | স্বাক্ষরিত |
| ১৮ | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা | স্বাক্ষরিত |
| ১৯ | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা | স্বাক্ষরিত |
| ২০ | উপজেলা শিক্ষা কর্মকর্তা'র প্রতিনিধি | স্বাক্ষরিত |
| ২১ | উপজেলা সমাজসেবা কর্মকর্তা | স্বাক্ষরিত |
| ২২ | অফিসার-ইন-চার্জ, থানা'র প্রতিনিধি | স্বাক্ষরিত |
| ২৩ | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক'র প্রতিনিধি | স্বাক্ষরিত |
| ২৪ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা | স্বাক্ষরিত |
| ২৫ | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা'র প্রতিনিধি | স্বাক্ষরিত |
| ২৬ | উপজেলা সমবায় কর্মকর্তা | স্বাক্ষরিত |
| ২৭ | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা'র প্রতিনিধি | স্বাক্ষরিত |
| ২৮ | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা | স্বাক্ষরিত |
| ২৯ | বিট বন কর্মকর্তা | স্বাক্ষরিত |
| ৩০ | সহঃ প্রকৌশলী, বরেন্দ্র | স্বাক্ষরিত |
| ৩১ | ডিজিএম, পল্লী বিদ্যুৎ সমিতি | স্বাক্ষরিত |
| ৩২ | সহঃ প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি | স্বাক্ষরিত |
| ৩৩ | ইউডিএফ, ইউজিডিপি, স্থানীয় সরকার বিভাগ | স্বাক্ষরিত |
| ৩৪ | তথ্যসেবা কর্মকর্তা | স্বাক্ষরিত |

**(বিঃদ্রঃ জৈষ্ঠ্যতার ক্রমানুসারে নয়)**

শেখ হাসিনার দর্শন
বাংলাদেশের উন্নয়ন।

# পীরগঞ্জ উপজেলা পরিষদ
## পীরগঞ্জ, ঠাকুরগাঁও।
## https://pirganj.thakurgaon.gov.bd

## সভায় অনুপস্থিত সদস্য বৃন্দঃ পরিশিষ্ট - 'খ'

| ক্রমিক নং | কর্মকর্তা | স্বাক্ষর |
|---|---|---|
| ১ | ২ | ৩ |
| ১ | উপঃ সহঃ প্রকৌশলী, জনস্বাস্থ্য | অনুপস্থিত |
| ২ | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা | অনুপস্থিত |
| ৩ | উপজেলা আনসার ভিডিপি কর্মকর্তা | অনুপস্থিত |
| ৪ | উপজেলা নির্বাচন কর্মকর্তা | অনুপস্থিত |
| ৫ | স্টেশন অফিসার, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স | অনুপস্থিত |

(বিঃদ্রঃ জৈষ্ঠ্যতার ক্রমানুসারে নয়)